



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৪৯১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৭

২৬ মে ২০২০

বিষয়: সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সড়ক ও নৌপথে মোট ১৩৬০০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচল সূচি।

- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২০/০৫/২০২০ খ্রি. তারিখের  
১৩.০১.০০০০.২১০.৫১.০০১.১৯.২৬৯৩ নং স্মারক।  
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ভোলা এর ১৯/০৫/২০২০ খ্রি. তারিখের  
১৩.০১.০৯০০.০০৪.৫৮.০০৬.১৮.১৬৬৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, দেওয়ানহাট, হালিশহর ও চাঁদপুর সিএসডিসমূহে পুরাতন বোরো/১৯ সিদ্ধ চাল মে/২০ মাসের মধ্যে নিঃশেষ হওয়ার সম্ভাবনা রয়েছে। চট্টগ্রাম বিভাগে সীমিত সংগ্রহ প্রবণ ও পার্বত্য জেলাসমূহে জুন/২০ পরবর্তী মাসসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সিদ্ধ চালের চাহিদা প্রেরণ করা হলে সিএসডিসমূহে মজুত স্বল্পতার জন্য সরবরাহ করা সম্ভব হবে না। বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য মজুত গড়ে তোলার নিমিত্তে চট্টগ্রাম বিভাগের দেওয়ানহাট, হালিশহর ও চাঁদপুর সিএসডিতে বিতরণযোগ্য সিদ্ধ চাল সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ১ নং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং ভোলায় জেলায় জুন/২০২০ মাসে খাদ্যবান্ধব, বিশেষ ভিজিএফ(মৎস্য), ভিজিডি, কাবিখা, গুচ্ছগ্রাম, জিআরসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে চালের চাহিদা প্রেরণ করা হয়েছে। আন্তর্জাতিক দরপত্রের অধীনে এবং অভ্যন্তরীণ সংগ্রহ'২০২০ বোরো মৌসুমে ধান, চাল ও গমসহ মোট ২২.৭৫ লক্ষ মে. টন খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামসমূহে খালি জায়গা সৃষ্টি করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে বোরো'২০২০ মৌসুমে যেসকল এলএসডি/সিএসডিতে কার্যকরী ধারণ ক্ষমতার অতিরিক্ত ধান ও চালের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ঐ সকল এলএসডি/সিএসডি'র খালি জায়গা সৃষ্টির জন্য এবং চট্টগ্রাম ও বরিশাল বিভাগের এলএসডি/সিএসডিসমূহের খালি জায়গা বিবেচনায় সড়ক ও নৌপথে মোট ১৩৬০০ মে.টন আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচলসূচি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে আমন'১৯-২০ সিদ্ধ চালের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	বগুড়া	সান্তাহার সিএসডি	চট্টগ্রাম	দেওয়ানহাট সিএসডি	৫০০০	আমন'১৯-২০ সিদ্ধ চাল	সড়ক	চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন।
২.	পাবনা	মুলাডুলি সিএসডি	ঐ	হালিশহর সিএসডি	৫০০০	ঐ	ঐ	
				মোট =	১০০০০			

**নগরবাড়ি ঘাটের মাধ্যমে ভোলা ও চাঁদপুর জেলায় নৌপথে চালের চলাচল সূচিঃ**

ক্র. নং	প্রেরক জেলা	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	পাবনা	নগরবাড়ি ঘাট	ভোলা	মনপুরা	এলএসডি	৬০০	আমন' ১৯-২০ সিদ্ধচাল	নৌ	জেথানি, পাবনা নিম্নোক্ত খাদ্য গুদাম হতে
২.	ঐ	ঐ	চাঁদপুর	চাঁদপুর	সিএসডি	১০০০	ঐ	ঐ	আমন' ১৯-২০ সিদ্ধচাল নগরবাড়ি ঘাটে পরিবহণ করাবেন। <b>জেলা- পাবনা</b> মুলাডুলি সিএসডি-১৬০০ মে.টন
				মোট =		১৬০০			

**বাঘাবাড়ি ঘাটের মাধ্যমে চাঁদপুর সিএসডিতে নৌপথে চালের চলাচল সূচিঃ**


ক্র. নং	প্রেরক জেলা	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	সিরাজগঞ্জ	বাঘাবাড়ি ঘাট	চাঁদপুর	চাঁদপুর	সিএসডি	২০০০	আমন' ১৯-২০ সিদ্ধচাল	নৌ	আখানি, রাজশাহী ও জেথানি, সিরাজগঞ্জ নিম্নোক্ত খাদ্য গুদাম হতে আমন' ১৯-২০ সিদ্ধচাল বাঘাবাড়ি ঘাটে পরিবহণ করাবেন। <b>জেলা- জয়পুরহাট</b> জয়পুরহাট-৫০০ মে.টন পাঁচবিবি-৫০০ মে.টন কালাই-৫০০ মে.টন <b>জেলা- বগুড়া</b> তালোড়া-৩০০ মে.টন <b>জেলা- সিরাজগঞ্জ</b> বাঘাবাড়ি-২০০ মে.টন

				মোট =	২০০০			
				সর্বমোট=	১৩৬০০			

### পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি পালনীয়ঃ-

- ১। সংগৃহীত চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে। এতদবিষয়ে, 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে। এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পিঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।
- ২। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি বিশেষ তদারকি/নজরদারিতে চাল প্রেরণ করতে হবে;
- ৩। প্রতি ট্রাক/বার্জে এ প্রেরিত চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য কোনরূপ পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার এ বিষয়ে দায়ী থাকবে এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) চাল পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৫। সূচির আওতায় কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। এলএসডি/সিএসডি'র ওয়ারেন্টি মোতাবেক চাল প্রেরণ করতে হবে;
- ৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে আখানি, জেখানি, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;
- ৭। ভি-ইনভয়েসে চালের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;
- ১১। সূচির মেয়াদ আগামী ০৮/০৬/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



২৬-৫-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী।
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ, রাজশাহী।
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট, রাজশাহী।
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৪৯১/১(১১)

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৭

২৬ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....।
- ১০) ব্যবস্থাপক, ....., সিএসডি।
- ১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা ....., এলএসডি।



২৬-৫-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক